



# অধ্যায় ১০
# আমাদের জীবনে তথ্য

## ■ অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

**১. সঠিক উত্তরে টিক চিহ্ন (✓) দাও।**

**১) তথ্য সংরক্ষণের জন্য কোনটি ব্যবহার করা হয়?**

ক. টিভি খ. রেডিও
গ. সংবাদপত্র ঘ. সিডি

**২) তথ্য বিনিময়ের জন্য কোন যন্ত্রটি ব্যবহার করা হয়?**

ক. বাস খ. থার্মোমিটার
গ. মোবাইল ফোন ঘ. ঘড়ি

**উত্তর :** ১) ঘ. সিডি; ২) গ. মোবাইল ফোন

**২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :**

**প্রশ্ন ॥ ১ ॥ তিনটি তথ্য সংরক্ষণ যন্ত্রের নাম লেখ।**

**উত্তর :** তিনটি তথ্য সংরক্ষণ যন্ত্রের নাম হলো :
(i) পেনড্রাইভ, (ii) ডিভিডি, (iii) মেমরি কার্ড।

**প্রশ্ন ॥ ২ ॥ কোন প্রযুক্তির সাহায্যে তথ্য বিনিময় করা যায়?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সাহায্যে তথ্য বিনিময় করা যায়। এর সাথে সংশ্লিষ্ট যন্ত্রপাতি হলো– কম্পিউটা, মোবাইল ফোন, ইন্টারনেট, ই–মেইল ইত্যাদি।

**প্রশ্ন ॥ ৩ ॥ তথ্য কেন গুরুত্বপূর্ণ?**

**উত্তর :** তথ্য গুরুত্বপূর্ণ কারণ এটি আমাদের নতুন কিছু শিখতে ও কোনো ব্যাপারে সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

**প্রশ্ন ॥ ৪ ॥ ইন্টারনেট কী?**

**উত্তর :** ইন্টারনেট হচ্ছে পৃথিবীর বিভিন্ন প্রান্তের কম্পিউটারগুলোকে সংযুক্তকারী বিশাল নেটওয়ার্ক।

**প্রশ্ন ॥ ৫ ॥ বাংলাদেশে ব্যবহৃত তিনটি "Search engine" এর নাম লেখ।**

**উত্তর :** বাংলাদেশে ব্যবহৃত তিনটি "Search engine" হলো : i. গুগল (Google) ii. ইয়াহু (Yahoo), iii. পিপীলিকা (Pipilika)।

**৩. বর্ণনামূলক প্রশ্ন :**

**প্রশ্ন ॥ ১ ॥ "বাংলাদেশে ঘূর্ণিঝড় আসছে" এই তথ্যটি তুমি টেলিভিশন থেকে পেলে। এখন তুমি কী করবে?**

**উত্তর :** "বাংলাদেশে ঘূর্ণিঝড় আসছে" এই তথ্যটি টেলিভিশন থেকে জানতে পারলে আমি আইসিটি ব্যবহার করে নিচের কাজগুলো করার চেষ্টা করব :

১. প্রথমেই পরিবার ও প্রতিবেশীর সাথে তথ্যটি বিনিময় করব।
২. দূরে থাকা পরিচিতজনদের মোবাইল ফোন বা টেলিফোনের মাধ্যমে তথ্যটি জানাব।
৩. খুদে বার্তা (এসএমএস), ই–মেইল, সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন– ফেসবুক বা টুইটার ব্যবহার করে ইন্টারনেটের মাধ্যমেও সবাইকে জানাতে পারি।
৪. পরিবার ও পরিচিত সবাইকে নিয়ে নিরাপদ জায়গায় বা ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রে যাব।

**প্রশ্ন ॥ ২ ॥ কীভাবে আমরা ইন্টারনেটের মাধ্যমে তথ্য সংগ্রহ করব তা বর্ণনা কর।**

**উত্তর :** ইন্টারনেটের মাধ্যমে তথ্য সংগ্রহ করার পদ্ধতি নিচে বর্ণনা করা হলো–

১. Search ইঞ্জিন যেমন – গুগল (google), ইয়াহু (yahoo), পিপীলিকা (pipilika) ইত্যাদি ব্যবহার করব।
২. যে বিষয়ের তথ্য অনুসন্ধান করছি সে বিষয় সম্পর্কিত "মূল শব্দটি" Search Bar" এ লিখে "Search" লেখাটিতে অথবা "Enter key"– তে চাপ দেব।
৩. সার্চ ইঞ্জিনে ওয়েবসাইটের যে তালিকাটি এসেছে সেখান থেকে ওয়েবসাইট বেছে নিয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করব।
৪. যতবার প্রয়োজন ততবার পূর্বের ধাপগুলো পুনরাবৃত্তি করব। অথবা আরও সুনির্দিষ্ট 'মূল শব্দ' নির্বাচন করে প্রয়োজনীয় তথ্যটি অনুসন্ধান করব।

**প্রশ্ন ॥ ৩ ॥ কেন তথ্য খুঁজে পেতে, বুঝতে, মূল্যায়ন ও ব্যবহার করতে আমাদের যথাযথ দক্ষতা অর্জন করতে হবে?**

**উত্তর :** তথ্য খুঁজে পেতে, বুঝতে, মূল্যায়ন ও ব্যবহার করতে আমাদের যথাযথ দক্ষতা অর্জন করা জরুরি। বর্তমান সময়ে তথ্যের সবচেয়ে বড় উৎস হলো ইন্টারনেট। তাই তথ্য খুঁজতে আমাদের প্রথমেই ইন্টারনেটের ব্যবহার জানতে হবে। ইন্টারনেটের নানান বিষয় যেমন– সার্চ ইঞ্জিন, সার্চ বার, তথ্য নির্বাচন ইত্যাদি বিষয় সম্পর্কে ধারণা থাকা জরুরি। তা না হলে তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহে ব্যর্থ হবে। আবার তথ্য সংগ্রহকারী যদি সঠিক তথ্য ও তথ্যের গুরুত্ব অনুধাবন করতে না পারেন তবে তথ্য জানার কোনো সুফল পাওয়া যাবে না। জানা তথ্য সবার সাথে বিনিময় করতে হবে। তথ্য বিনিময়ের জন্য বিনিময় মাধ্যম, যেমন– ইন্টারনেট, ই–মেইল, সামাজিক যোগাযোগ মাধ্যম, রেডিও, টেলিভিশন, মোবাইল ফোন ব্যবহার করার জন্য অভিজ্ঞতার প্রয়োজন। যদি তথ্য সংগ্রহকারী তথ্যের গুরুত্ব মূল্যায়ন করতে না পারেন তবে সে তথ্য ব্যবহার করে তেমন কোনো সুফল পাওয়া যাবে না।

**প্রশ্ন ॥ ৪ ॥ তথ্য বিনিময় না করলে কী হতে পারে ব্যাখ্যা কর।**

**উত্তর :** তথ্য আমাদের নতুন কিছু লিখতে, কোনো ব্যাপারে সিদ্ধান্ত নিতে, নিরাপদ থাকতে সাহায্য করে। আর তথ্য বিনিময় হলো একটি প্রক্রিয়া যার মাধ্যমে কোনো তথ্য বন্ধু, পরিবার ও অন্যান্য মানুষের সাথে আদান–প্রদান করা হয়।

তথ্য বিনিময় আমাদের জন্য অত্যন্ত গুরবত্বপূর্ণ। তথ্য সঠিকসময়ে যথাযথভাবে বিনিময় না করলে ব্যক্তিগত, সামাজিক ও রাষ্ট্রীয় জীবনের উপর ৰতিকর প্রভাব পড়তে পারে। তথ্য বিনিময় আমাদের নিরাপদে থাকতে, ভালোভাবে বাঁচতে এবং বিপদ থেকে রৰা পেতে সাহায্য করে। এছাড়া তথ্য বিনিময় না হলে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সাম্প্রতিক ঘটনা সম্পর্কে ধারণা রাখা সম্ভব হবে না। সর্বোপরি বলা যায় যে, তথ্য বিনিময়ের মাধ্যমে ৰতি কমানো যায়।

**প্রশ্ন ॥ ৫ ॥ তোমার একজন বন্ধু জাপানে থাকে। তুমি তার সাথে তথ্য বিনিময় করতে চাও। কোন কোন উপায়ে তুমি তার সাথে তথ্য বিনিময় করতে পার। এর জন্য তোমার কী কী প্রযুক্তির দরকার হবে? লেখ।**

**উত্তর :** জাপানে থাকা বন্ধুর সাথে আমি নিম্নলিখিত উপায়ে তথ্য বিনিময় করতে পারি :

১. টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে।
২. চিঠি আদান–প্রদান করে।
৩. ক্যামেরার মাধ্যমে ছবি বা ভিডিও করে।
৪. ক্ষুদে বার্তা (এস.এম.এস), ই–মেইল, সামাজিক যোগাযোগের মাধ্যমে, যেমন– ফেসবুক বা টুইটার ব্যবহার করে।

তথ্য বিনিময়ের জন্য আমার যেসকল প্রযুক্তি দরকার তা হলো :

১. টেলিফোন বা মোবাইল ফোন,
২. কম্পিউটার,
৩. ইন্টারনেট,
৪. সার্চ ইঞ্জিন ইত্যাদি।

## ■ বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### ➲ যোগ্যতাভিত্তিক প্রশ্ন :

**১. জহির তার সৌদি আরব প্রবাসী বন্ধুর সাথে অল্প সময়ে একটি তথ্য বিনিময় করতে চায়। সে কীভাবে কাজটি করবে?**
ক. খুদে বার্তায় খ. ভিডিও বার্তায়
গ. চিঠির মাধ্যমে ঘ. পেনড্রাইভের মাধ্যমে

**২. মনি ভাষা আন্দোলন সম্পর্কে ইন্টারনেট থেকে বিভিন্ন তথ্য জানতে চায়। সে বিষয়টির মূল শব্দ কোথায় লিখবে?**
ক. Bar Coad-এ খ. ইন্টারনেটে
গ. Search Bar-এ ঘ. Enter key-তে

**৩. সাতৰীরা জেলার মইন জানতে পারল আজ রাতে জলোচ্ছ্বাস আঘাত হানবে। এখন তার করণীয় কী?**
ক. আবহাওয়া অফিসে যোগাযোগ করা
খ. সবাইকে নিরাপদ আশ্রয়ে নেওয়া
গ. সম্ভাব্য ৰয়ৰতির হিসাব করা
ঘ. সংবাদের সত্যতা যাচাই করা

**৪. জলোচ্ছ্বাস আঘাত হানার কথা জানার পরপরই আরাফ সমুদ্রে মাছ ধরতে যাওয়া বাবাকে উপকূলে ফিরে আসতে বলল। এতে তার কোন দৰতা প্রকাশ পায়?**
ক. সিদ্ধান্ত নেয়ার ৰমতা খ. তথ্য বিনিময় দৰতা
গ. তথ্য সংরৰণ দৰতা ঘ. চিন্তা করার দৰতা

**৫. আলাউদ্দিন প্রতিদিন কয়েকবার করে অফিস থেকে বাসার খোঁজ খবর নেন। এই সহজ যোগাযোগ ব্যবস্থায় কোনটির অবদান সর্বাধিক?**
ক. রিমোট কন্ট্রোলের খ. টিভির
গ. ইন্টারনেটের ঘ. আইসিটি

**৬. সামসু বিজ্ঞানী নিউটন সম্পর্কে জানতে চায়। সে Search Bar-এ লিখবে–**
ক. নিজের নাম খ. বিজ্ঞানী
গ. পদার্থবিদ ঘ. নিউটন

**৭. হিরা মাদার তেরেসা সম্পর্কে ইন্টারনেট থেকে জানতে চায়। তাকে সাহায্য করবে কোনটি?**
ক. Search ইঞ্জিন খ. Search Bar
গ. Bar Coad ঘ. Network

**৮. তিশা ইন্টারনেট থেকে একটি তথ্য সংরৰণ করতে চায়। সে কীভাবে আধুনিক প্রযুক্তিতে কাজটি করতে পারে?**
ক. ছবি তুলে খ. ভিডিও করে
গ. মেমোরি কার্ডে ঘ. খাতায় লিখে

**৯. বর্তমান সময়ে একে অপরের সাথে অল্প সময়ে তথ্য আদান প্রদান করার প্রক্রিয়াকে কী বলে?**
ক. ইন্টারনেট খ. ফ্যাক্স
গ. মোবাইল ফোন ঘ. রিমোট কন্ট্রোল

**১০. তুমি নতুন কিছু শিখতে এবং সিদ্ধান্ত নিতে চাও। এৰত্রে তোমাকে সাহায্য করতে পারে কোনটি?**
ক. তথ্য খ. প্রযুক্তি
গ. উপাত্ত ঘ. যোগাযোগ মাধ্যম

**১১. আমাদের ব্যক্তিগত ও সামাজিক জীবনে কোনটির গুরবত্ব অপরিসীম?**
ক. তথ্য সংরৰণ খ. তথ্য লুকানো
গ. তথ্য বিনিময় ঘ. তথ্য সৃষ্টি

**১২. ইন্টারনেট ব্যবহার করা যায়–**
ক. টেলিফোনে খ. মোবাইল ফোনে
গ. টেলিভিশনে ঘ. সার্চ ইঞ্জিনে

**১৩. তুমি কোনো বিষয়ের তথ্য অনুসন্ধান করতে চাইলে উক্ত বিষয়ের মূল শব্দটি কোথায় লিখবে?**
ক. Enter Key তে খ. Bar Coad-এ
গ. Search Bar-এ ঘ. Search ইঞ্জিনে

**১৪. ইন্টারনেটে প্রাপ্ত তথ্য তুমি কোথায় সংরৰণ করতে পার?**
ক. পেনড্রাইভে, মেমোরিকার্ডে খ. পেনড্রাইভে, খাতায়
গ. সার্চ ইঞ্জিনে, মেমোরিকার্ডে ঘ. ওয়েবসাইটে, পেনড্রাইভে

### ➲ সাধারণ প্রশ্ন :

**১৫. অনেক তথ্য অল্প জায়গাতে সহজে বহন করার জন্য ব্যবহার করা হয়–**
ক. ডি ভি ডি খ. পেনড্রাইভ গ. সিডি ঘ. ল্যাপটপ

**১৬. তথ্য প্রযুক্তি আমাদের লাঘব করেছে–**
ক. বুদ্ধিগত কাজ খ. কায়িক শ্রম গ. যাতায়াত ঘ. কৃষি শ্রম

**১৭. সবচেয়ে আধুনিক প্রযুক্তি হলো–**
ক. কৃষি প্রযুক্তি খ. যাতায়াত প্রযুক্তি
গ. তথ্য প্রযুক্তি ঘ. গৃহ নির্মাণ প্রযুক্তি

**১৮. তথ্য প্রযুক্তিতে কাঁচামাল কোনটি?**
ক. তথ্য খ. উপাত্ত
গ. ল্যাপটপ ঘ. স্পিকার

**১৯. তথ্য জানার সাথে সাথে আর কী করতে হয়?**
ক. সংরক্ষণ করতে হয় খ. যোগাযোগ করতে হয়
গ. গোপন করতে হয় ঘ. মুছে ফেলতে হয়

**২০. আধুনিক পৃথিবীকে কী বলা হয়?**
ক. রসায়ন প্রযুক্তির পৃথিবী খ. জৈব প্রযুক্তির পৃথিবী
গ. তথ্য প্রযুক্তির পৃথিবী ঘ. কৃষি প্রযুক্তির পৃথিবী

**২১. পৃথিবীব্যাপী বিশাল নেটওয়ার্ক গড়ে উঠেছে কিসের মাধ্যমে?**
ক. মোবাইলের মাধ্যমে খ. ফ্যাক্সের মাধ্যমে
গ. টেলিভিশনের মাধ্যমে ঘ. ইন্টারনেটের মাধ্যমে

**২২. তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে কোনটি বিপ্লব ঘটিয়েছে?**
ক. প্রিন্টার খ. পেনড্রাইভ
গ. মেমোরি কার্ড ঘ. ইন্টারনেট

**২৩. যেকোনো পরিস্থিতি সম্পর্কে যে খবর সংগৃহীত হয় তাকে কী বলে?**
ক. উপাত্ত খ. উৎপাদক
গ. তথ্য ঘ. প্রযুক্তি

**২৪. নির্দিষ্ট তথ্যের উৎস খোঁজার জন্য ইন্টারনেটে কী আছে?**
ক. search ইঞ্জিন খ. addressbar
গ. manu bar ঘ. image

**২৫. তথ্য বিনিময় কী?**
ক. একটি প্রযুক্তি খ. একটি মাধ্যম
গ. একটি করণীয় ঘ. মানবিক কাজ

**২৬. কোনো রোগ ছড়িয়ে পড়ার আগাম তথ্য জানতে পারলে কী হয়?**
ক. তথ্যের গুরুত্ব বৃদ্ধি পায়
খ. রোগের ভয়াবহতা জানা যায়
গ. প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া যায়
ঘ. আক্রান্ত হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়

**২৭. তথ্য প্রযুক্তির সাহায্যে জলোচ্ছ্বাসের পূর্বাভাস জানতে পারলে কী হয়?**
ক. ক্ষয়ক্ষতির পরিমাণ কমানো যায়
খ. ভয়াবহতা হ্রাস পায়
গ. ক্ষয়ক্ষতির ধারণা পাওয়া যায়
ঘ. জলোচ্ছ্বাসের গতি রোধ করা যায়

**২৮. চিঠি লেখা কী ধরনের ঘটনা?**
ক. তথ্য সংরক্ষণ খ. তথ্য যাচাই
গ. তথ্য সংগ্রহ ঘ. তথ্য বিনিময়

**২৯. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কী হিসেবে ব্যবহৃত হয়?**
ক. তথ্যের বিনিময় মাধ্যম খ. তথ্য সংরক্ষণের প্রক্রিয়া
গ. তথ্য সংগ্রহের উপায় ঘ. তথ্য যাচাই প্রক্রিয়া

**৩০. কোনটি মানুষের পারস্পরিক যোগাযোগকে সহজ করেছে?**
ক. যানবাহন খ. আইসিটি গ. তথ্য ঘ. উপাত্ত

**৩১. পিপীলিকা কী?**
ক. সার্চ বার খ. সার্চ কোড গ. সার্চ ইঞ্জিন ঘ. বারকোড

**৩২. টুইটার কী?**
ক. সামাজিক যোগাযোগের মাধ্যম
খ. ই–মেইলের আদি নাম
গ. খুদে বার্তার অপর নাম
ঘ. তথ্য সংরক্ষণ প্রযুক্তি

**৩৩. সিডি, ডিভিডি কী?**
ক. কম্পিউটারের যন্ত্রাংশ খ. তথ্য সংরক্ষণ প্রযুক্তি
গ. ছবি দেখার উপকরণ ঘ. গান শোনার উপকরণ

**৩৪. ফেসবুক কী?**
ক. গান শোনার উপকরণ খ. তথ্য সংরক্ষণ প্রযুক্তি
গ. সামাজিক যোগাযোগ মাধ্যম ঘ. তথ্য বিনিময় প্রযুক্তি

**৩৫. গুগল কী?**
ক. বার কোড খ. ওয়েবসাইট
গ. ফাইলের নাম ঘ. সার্চ ইঞ্জিন

**৩৬. Search Bar কোথায় থাকে?**
ক. সার্চ ইঞ্জিনে খ. বারকোর্ডে
গ. ওয়েবসাইটে ঘ. মেমোরি কাডে

**৩৭. ইন্টারনেটে তথ্য সংগ্রহে সাহায্য করে কোনটি?**
ক. সুপার কম্পিউটার খ. সার্চ ইঞ্জিন
গ. সার্চ ফাইল ঘ. **Search Bar**

**৩৮. কোনটির মাধ্যমে তথ্য সংগ্রহ করা সহজ?**
ক. সংবাদপত্র খ. মিউজিয়াম
গ. বইপত্র ঘ. ইন্টারনেট

**৩৯. Search Bar-এ কোনো বিষয়ের মূল শব্দটি লিখে Enter key তে চাপলে কী পাওয়া যায়?**
ক. বিষয়টির মূল শব্দ খ. ওয়েবসাইট তালিকা
গ. Search ইঞ্জিন তালিকা ঘ. বিষয়টির আদি নাম

**৪০. এসএসএম কী?**
ক. সুপার কম্পিউটার খ. খুদে বার্তা
গ. তথ্য সংরক্ষণ প্রযুক্তি ঘ. কুরিয়ার সার্ভির্স

## ■ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ তথ্য প্রযুক্তি কী?**
**উত্তর** : তথ্যকে বিভিন্ন প্রযুক্তির সাহায্যে ব্যবহার করার ক্ষমতাকে তথ্য প্রযুক্তি বলে।

**প্রশ্ন ॥ ২ ॥ সবচেয়ে আধুনিক প্রযুক্তি কী?**
**উত্তর** : সবচেয়ে আধুনিক প্রযুক্তি হলো ইলেকট্রনিক কম্পিউটার।

**প্রশ্ন ॥ ৩ ॥ তথ্য বিনিময় কী?**
**উত্তর** : তথ্য বিনিময় হলো একটি প্রক্রিয়া যার মাধ্যমে কোনো তথ্য বন্ধু–পরিবার এবং অন্যান্য মানুষের সাথে আদান–প্রদান করা হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ বর্তমানে কোন যন্ত্রে ইন্টারনেট ব্যবহার করা যায়?**
**উত্তর** : বর্তমানে কম্পিউটার, মোবাইল ফোনের মাধ্যমে ইন্টারনেট ব্যবহার করা যায়।

**প্রশ্ন ॥ ৫ ॥ পিপীলিকা কী?**
**উত্তর** : পিপীলিকা একটি সার্চ ইঞ্জিন।

**প্রশ্ন ॥ ৬ ॥ সার্চ ইঞ্জিন কী?**
**উত্তর** : সার্চ ইঞ্জিন হলো কম্পিউটারের একটি অ্যাপিলকেশন, যার সাহায্যে ইন্টারনেট থেকে প্রয়োজনীয় তথ্য দ্রুত খুঁজে বের করা যায়।

**প্রশ্ন ॥ ৭ ॥ তথ্য বিনিময়ের উপকারিতা কী?**
**উত্তর** : তথ্য বিনিময় আমাদেরকে নিরাপদ থাকতে, ভালোভাবে বাঁচতে ও বিপদ থেকে রক্ষা পেতে সাহায্য করে।

**প্রশ্ন ॥ ৮ ॥ বর্তমানে কোন প্রযুক্তি তথ্য বিনিময়ের মাধ্যম হিসেবে ব্যবহৃত হচ্ছে?**

**উত্তর** : বর্তমানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)। তথ্য বিনিময়ের মাধ্যম হিসেবে ব্যবহৃত হচ্ছে।

**প্রশ্ন ॥ ৯ ॥ ফেসবুক কী?**

**উত্তর** : ফেসবুক হলো সামাজিক যোগাযোগ মাধ্যম।

**প্রশ্ন ॥ ১০ ॥ Search বার কোথায় থাকে?**

**উত্তর** : Search বার সার্চ ইঞ্জিনে থাকে।

**প্রশ্ন ॥ ১১ ॥ এসএমএস কী?**

**উত্তর** : এসএমএস হলো খুদে বার্তা।

## ■ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ **যোগ্যতাভিত্তিক প্রশ্ন :**

**প্রশ্ন ॥ ১ ॥ একজন শিৰার্থী হিসেবে তুমি কীভাবে শিৰায় ইন্টারনেট ব্যবহার করতে পার? তা ৫টি বাক্যে লেখ।**

**উত্তর** : আমি বিভিন্নভাবে শিৰায় ইন্টারনেট ব্যবহার করতে পারি। যেমন–

১. পাঠ্যবইয়ের পরিবর্তে ই–বুক ব্যবহার করতে পারি।
২. ঘরে বসেই পৃথিবীর যেকোনো দেশের খ্যাতনামা লাইব্রেরির বই পড়তে পারি।
৩. শিৰাবিষয়ক বিভিন্ন তথ্য সংগ্রহ ও সংরৰণ করতে পারি।
৪. শিৰা প্রতিষ্ঠানের ভর্তি ফরম পূরণ করতে পারি।
৫. ইন্টারনেটের মাধ্যমে ক্লাসে অংশগ্রহণ করতে পারি।

**প্রশ্ন ॥ ২ ॥ আমাদের জীবনে তথ্য প্রযুক্তির পাঁচটি ব্যবহার লেখ।**

**উত্তর** : আমাদের জীবনের বিভিন্ন কাজে তথ্যের আদান–প্রদান করতে হয়। নিচে তথ্য প্রযুক্তির পাঁচটি ব্যবহার উলেৱখ করা হলো:

১. আবহাওয়ার পূর্বাভাস পেতে আমরা তথ্য প্রযুক্তিকে কাজে লাগাই। এর সাহায্যে আমরা একটি অঞ্চলের বায়ুমণ্ডলের তাপ, চাপ, উষ্ণতা, আর্দ্রতা, বৃষ্টিপাত, বায়ুপ্রবাহ ইত্যাদির অবস্থা জানতে পারি।
২. তথ্য প্রযুক্তি ব্যবহার করে আমরা চিকিৎসা ৰেত্রে বিভিন্ন রোগের লৰণ, ওষুধের ক্রিয়া–প্রতিক্রিয়া ইত্যাদি জানতে পারি।
৩. আমাদের পরীৰার উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রকাশে তথ্যপ্রযুক্তি ব্যবহৃত হয়।
৪. ছবি আঁকতে, ডিজাইন করতে, তথ্য সংরৰণ করে রাখতে তথ্য প্রযুক্তি কাজে লাগে।
৫. বৈজ্ঞানিক গবেষণায় বিভিন্ন তথ্য বিশেৱষণ, সিদ্ধান্ত গ্রহণ, যন্ত্রপাতি নিয়ন্ত্রণ ইত্যাদি কাজে তথ্যপ্রযুক্তি ব্যবহৃত হয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ তথ্য প্রযুক্তি বলতে কী বুঝ? শিৰাৰেত্রে তথ্য প্রযুক্তি কীভাবে কাজে লাগে তা তিনটি বাক্যে লেখ।**

**উত্তর** : বিংশ শতাব্দীর মাঝামাঝি উদ্ভাবিত যে নতুন প্রযুক্তির উদ্ভাবন ও বিকাশ সম্পর্কে ধারণা পেয়েছি তাকে তথ্য প্রযুক্তি বলে।

- শিৰাৰেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার :

i. পরীৰার ফরম পূরণ করতে তথ্য প্রযুক্তি কাজে লাগে।
ii. তথ্য প্রযুক্তির মাধ্যমে পরীৰার রেজাল্ট পেতে পারি।
iii. শিৰাৰেত্রে বিজ্ঞান চর্চা ও গবেষণায় তথ্যপ্রযুক্তির ভূমিকা অনস্বীকার্য।

**প্রশ্ন ॥ ৪ ॥ ইন্টারনেট কী কী কাজে লাগে দুইটি বাক্যে লেখ। তথ্য সংরৰণের তিনটি উপায় লেখ।**

**উত্তর** : ইন্টারনেট যেসব কাজে লাগে তা দুইটি বাক্যে লেখা হলো :

১. ইন্টারনেটের মাধ্যমে যেকোনো তথ্য সহজেই সংগ্রহ করা যায়।
২. image, videos, Shopping বা অন্য Option Select করে তথ্য সম্পর্কিত ছবি, ভিডিও বা Product কেনা সম্পর্কে তথ্য নেওয়া যায়।

- **তথ্য সংরৰণের তিনটি উপায় নিম্নরূ প :**

১. ইন্টারনেটে তথ্যটি অনুসন্ধানের পর প্রাপ্ত তথ্যটি আমরা খাতায় লিখে, ছবি তুলে সংরৰণ করতে পারি।
২. বর্তমানে তথ্য সংরৰণের জন্য বিভিন্ন তথ্য সংরৰণ প্রযুক্তি যেমন : পেনড্রাইভ, সিডি, ডিভিডি, মেমরিকার্ড ইত্যাদি ব্যবহার করি।
৩. ইন্টারনেটে তথ্যটি অনুসন্ধানের পর ভিডিও রেকর্ড করে তথ্য সংরৰণ করতে পারি।

**প্রশ্ন ॥ ৫ ॥ কম্পিউটারের বিভিন্ন অংশের নাম লেখ। ইন্টারনেটের তিনটি ব্যবহার লেখ।**

**উত্তর** : কম্পিউটারের বিভিন্ন অংশের নাম নিম্নরূ প :

১. সিপিইউ; ২. মনিটর; ৩. স্পিকার; ৪. প্রিন্টার; ৫. মাউস; ৬. কি–বোর্ড।

- **ইন্টারনেটের তিনটি ব্যবহার :**

১. ইন্টারনেটের মাধ্যমে বই, খবরের কাগজ, অথবা যেকোনো তথ্য সংগ্রহ করা যায়।
২. ইন্টারনেটের মাধ্যমে বহিঃবিশ্বের সাথে তথ্য বিনিময় করা যায়।
৩. ইন্টারনেটের মাধ্যমে শিৰা প্রতিষ্ঠানের ভর্তি ফরম পূরণ করা যায়।

**প্রশ্ন ॥ ৬ ॥ তথ্য কী? তথ্য সংরৰণের চারটি উপায় লিখ।**

**উত্তর** : তথ্য হলো কাঁচামাল, উপাত্ত যখন বিশেষ প্রয়োজনে ব্যবহৃত হয় তখন তাই তথ্য।

- **তথ্য সংরৰণের চারটি উপায় নিম্নরূ প :**

i. ইন্টারনেটে তথ্যটি অনুসন্ধানের পর প্রাপ্ত তথ্যটি আমরা খাতায় লিখে, ছবি তুলে সংরৰণ করতে পারি।
ii. বর্তমানে তথ্য সংরৰণের জন্য বিভিন্ন তথ্য সংরৰণ প্রযুক্তি যেমন : পেনড্রাইভ, সিডি, ডিভিডি, মেমরিকার্ড ইত্যাদি ব্যবহার করি।
iii. ইন্টারনেটে তথ্যটি অনুসন্ধানের পর ভিডিও রেকর্ড করে তথ্য সংরৰণ করতে পারি।
iv. তথ্য সংরৰণের জন্য ভয়েস রেকর্ড এর মাধ্যমে তথ্য সংরৰণ করা যায়।

**প্রশ্ন ॥ ৭ ॥ শিৰাৰেত্রে তথ্য প্রযুক্তির পাঁচটি ব্যবহার লিখ।**

**উত্তর** : শিৰাৰেত্রে তথ্যপ্রযুক্তির পাঁচটি ব্যবহার নিচে উলেৱখ করা হলো :

১. শ্রেণিকৰে শিখন পরীৰার উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রকাশ ইত্যাদি কাজে তথ্যপ্রযুক্তি ব্যবহার হয়।
২. তথ্য প্রযুক্তির সাহায্যে বিশ্বের নামি–দামি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে সংরৰিত বই পড়া যায়।
৩. ছবি আঁকতে, ডিজাইন করতে, তথ্য সংরৰণ করে রাখতে তথ্য প্রযুক্তি কাজে লাগে।
৪. ভর্তি ফরম পূরণ হতে শুরব করে বিভিন্ন পাঠ্যপুস্তক পড়তে শিৰার্থীরা ইন্টারনেট প্রযুক্তি ব্যবহার করতে পারে।

৫. শ্রেণির পাঠ্যবইগুলো তথ্যপ্রযুকিত ব্যবহার করে সংরক্ষণ করা যায়।

**প্রশ্ন ॥ ৮ ॥ টেলিভিশন সংবাদের মাধ্যমে জানতে পারলে দেশে 'ফ্লু' ছড়িয়ে পড়বে। এখন তোমার করণীয় কী?**

**উত্তর :** টেলিভিশন সংবাদের মাধ্যমে ফ্লু ছড়িয়ে পড়ার খবর পেলে আমি অন্যদের সাথে তথ্যটি বিনিময় করব এবং রোগটি ছড়িয়ে পড়া রোধে কার্যকর পদক্ষেপ নেব।

ফ্লু ছড়িয়ে পড়া সংক্রান্ত তথ্য বিভিন্ন মাধ্যমে প্রচারিত হলে মানুষের ফ্লুতে আক্রান্ত হওয়ার ঝুকি হ্রাস পাবে। এই তথ্য প্রচারে আমিও অংশগ্রহণ করব। পাশাপাশি মুখে মাস্ক ব্যবহার করা, প্রতিষেধক হিসেবে টিকা নেওয়ার ব্যাপারে ডাক্তারের সাথে যোগাযোগের পরামর্শ দেব। মানুষ এই তথ্যগুলো ব্যবহার করে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করবে এবং রোগ থেকে মুক্ত থাকবে।

**প্রশ্ন ॥ ৯ ॥ ইন্টারনেট কী? এখান থেকে প্রাপ্ত তথ্য কীভাবে সংগ্রহ করবে? কোনো স্থান সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য পেতে তুমি কী করবে?**

**উত্তর :** ইন্টারনেট হলো পৃথিবীর বিভিন্ন প্রান্তের কম্পিউটারগুলোর সংযুক্তকারী বিশাল নেটওয়ার্ক।

- ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য খাতায় লিখে, ছবি তুলে পেনড্রাইভ, সিডি, ডিভিডি, মেমোরি কার্ড ইত্যাদির মাধ্যমে সংরক্ষণ করব।
- কোনো স্থান সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য পেতে হলে আমি ইন্টারনেটের সাহায্য নেব। এজন্য সার্চ ইঞ্জিন পিপীলিকার Search Bar–এ স্থানটির নাম লিখে Search লেখাটিতে বা Enter Key তে চাপ দেব। এরপর Search ইঞ্জিনে ওয়েবসাইটের যে তালিকা আসবে সেখান থেকে সর্বশিরষ্ট ওয়েবসাইটটি বেছে নিয়ে স্থানটি সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করব।

**➲ সাধারণ প্রশ্ন :**

**প্রশ্ন ॥ ১০ ॥ ইন্টারনেটের মাধ্যমে তথ্য সংগ্রহ সহজ কেন?**

**উত্তর :** ইন্টারনেট পৃথিবীর বিভিন্ন প্রান্তের অগণিত কম্পিউটারকে একই নেটওয়ার্কে যুক্ত করে বলে এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা সহজ।

বিভিন্ন মাধ্যম থেকে তথ্য সংগ্রহ করা যায়। তবে ইন্টারনেটের মাধ্যমে তথ্য সংগ্রহ করা অনেক সহজ। ইন্টারনেট হলো তথ্যের সুবিশাল ভাণ্ডার। আমরা আমাদের প্রতিটি তথ্য কম্পিউটার বা মোবাইল ফোনের মাধ্যমে ইন্টারনেট থেকে খুব সহজে সংগ্রহ করতে পারি। একাজে আমাদেরকে সাহায্য করে সার্চ ইঞ্জিন নামক অ্যাপিরকেশন সফটওয়্যার, পিপীলিকা, গুগল, ইয়াহু ইত্যাদি।

**প্রশ্ন ॥ ১১ ॥ বর্তমান পৃথিবীতে তথ্য যোগাযোগ এতো প্রয়োজনীয় কেন?**

**উত্তর :** বর্তমানে পৃথিবী উন্নতির চরম শিখরে পৌঁছেছে। আমাদের বিভিন্ন কাজে যেমন বিদেশের সাথে ব্যবসা–বাণিজ্য, যাতায়াত, কোনো জরুরি খবর, আবহাওয়ার পূর্বাভাস, সতর্কতা সংকেত মুহূর্তে এক দেশ থেকে অন্য দেশের বা একই দেশে বিভিন্ন স্থানে পাঠানো প্রয়োজন। এজন্য তথ্য যোগাযোগ ব্যবস্থা প্রয়োজন। প্রচার মাধ্যম, ইন্টারনেট, টেলিফোন তথ্য যোগাযোগে বিশেষভাবে ভূমিকা রাখে। এর মাধ্যমে ঘরে বসে বিশ্বের ঘটনাবলি মুহূর্তে আমাদের জানা হয়ে যায়। যেখানে যাতায়াত অত্যন্ত কষ্টসাধ্য সেখানের তথ্যও আমরা ঘরে বসে মুহূর্তেই পেয়ে যাই। বর্তমান পৃথিবীতে তথ্য প্রযুক্তির বলে স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে, স্বল্প শ্রমে সবই চোখের সামনে চলে আসছে।